শরীয়তপুরে গ্রাম আদালতের চলমান কার্যক্রমের গতিশীলতা আনতে অর্ধ-বার্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত

শরীয়তপুর – শরীয়তপুরে গ্রাম আদালতের চলমান কার্যক্রমের গতিশীলতা আনতে অর্ধ-বার্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (৯ ফেব্রুয়ারি ২০২৫) দুপুর সাড়ে ১২ টায় শরীয়তপুর জেলা প্রশাসকের সন্মেলন কক্ষে জেলা প্রশাসনের সহযোগিতায় উক্ত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।
শরীয়তপুরের স্থানীয় সরকার উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) পিংকি সাহা’র সভাপতিত্বে সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শরীয়তপুরের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আশরাফ উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন, শরীয়তপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ মাসুদুল আলম। সভা পরিচালনা করেন, গ্রাম আদালত প্রকল্পের শরীয়তপুরের ডিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ আল-ফারুক গাজী।এসময় উপস্থিত ছিলেন, শরীয়তপুরের সকল উপজেলা নির্বাহী অফিসারগণ, শরীয়তপুর জেলার ৬৫ ইউনিয়ন পরিষদ থেকে আগত হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণ, প্রকল্প প্রতিনিধি, প্রশাসনিক কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ।
এছাড়াও উপস্থিত ছিলেন, গ্রাম আদালত প্রকল্পের উপজেলা কো- অর্ডিনেটর ও পিএফএ। তারা হলেন, মোঃ লুৎফর রহমান মোল্লা উপজেলা কো-অর্ডিনেটর গোসাইরহাট, উৎপল মন্ডল ডামুড্যা উপজেলা, সাথী আক্তার জাজিরা উপজেলা, জামাল উদ্দিন সদর উপজেলা, মোঃ ইকবাল জামিল ও মোঃ আনিছুর রহমান নড়িয়া উপজেলা, মোঃ জাকারিয়া হোসাইন ও মোঃ জামাল হোসাইন ভেদরগঞ্জ উপজেলা এবং শুভ চন্দ্র দে প্রোগ্রাম এন্ড ফাইন্যান্স এসিস্ট্যান্ট ডিসি অফিস, শরীয়তপুর। উক্ত সভায় জুন ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ জেলার চলমান অগ্রগতি উপস্থাপন করা হয়। গত ৭ মাসে শরীয়তপুরে গ্রাম আদালতের মাধ্যমে ৯৯৬ টি মামলা গ্রহণ এবং ৯৯১ টি মামলা নিষ্পত্তি করা হয়, যার মাধ্যমে ক্ষতিপূরণ বাবদ আদায় করা হয় ২ কোটি ৩৪ লক্ষ ৪১ হাজার টাকা। অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন, প্রতিটি ইউনিয়নে গ্রাম আদালত সক্রিয় করতে হবে এবং তার জন্য ইউনিয়নভিত্তিক প্রচারণা আরো